গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০০.৩০১.১৬.০০০২.২৬.১৩৬২

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩৩ / ২৯ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত বিভিন্ন প্রজ্ঞাপন, পরিপত্র ও নির্দেশিকা প্রেরণ।

সংযুক্ত পত্রসমূহ সকলের সদয় অবগতির জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

২৯-০৯-২০২৬
জিহাদুল ইসলাম জিহাদ
সহকারী পরিচালক

ব্যক্তিগত সহকারী
মহাপরিচালকের দপ্তর, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০০.৩০১.১৬.০০০২.২৬.১৩৬২/১ (২৬)

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩৩ / ২৯ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, (প্রশাসন, অর্থ ও বাজেট, লজিস্টিক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
২। পরিচালক, (পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
৩। সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), (এমআইএস শাখা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। উপপরিচালক, (প্রশিক্ষণ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
৫। উপপরিচালক, (মনিটরিং ও মূল্যায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
৬। উপপরিচালক, (বাস্তবায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
৭। উপপরিচালক, (সাধারণ প্রশাসন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
৮। উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), (ব্যক্তি প্রশাসন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
৯। উপপরিচালক, (লজিস্টিকস), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
১০। উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), (পরিকল্পনা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
১১। উপপরিচালক, (অর্থ ও বাজেট), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
১২। উপপরিচালক, (রিসার্স ও ডকুমেন্টেশন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
১৩। উপপরিচালক, (সামাজিক উদ্বুদ্ধকরণ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
১৪। সহকারী পরিচালক, (লজিস্টিকস), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
১৫। সহকারী পরিচালক, (পরিকল্পনা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
১৬। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), (সামাজিক উদ্বুদ্ধকরণ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
১৭। সহকারী পরিচালক, (প্রশিক্ষণ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।

চলমান পাতা - ১/২

১৮। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), (রিসার্স ও ডকুমেন্টেশন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
১৯। সহকারী পরিচালক, (অর্থ ও বাজেট), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
২০। সহকারী পরিচালক, (বাস্তবায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
২১। সহকারী পরিচালক, (মনিটরিং ও মূল্যায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
২২। সহকারী পরিচালক, ...(সকল), জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
২৩। সহকারী প্রোগ্রামার, (এমআইএস শাখা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
২৪। উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কর্মকর্তা, ...(সকল), উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।।
২৫। কর্মচারী, ...(সকল), উশিব্যু/ জেউশিব্যু/ উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।।
২৬। অফিস কপি।

১৩-১০-২০২৬
জিহাদুল ইসলাম জিহাদ
সহকারী পরিচালক

AD (ব্য. প্রশা./সা. প্রশা.)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mopme.gov.bd

নং: ৩৮.০০.০০০০.০০৭.১৬.৯৯.০৪৪.২০২৬-২৫০

তারিখ: ১৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ / ০১ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ

বিষয়: সংযুক্ত আরব আমিরাতের সাথে Comprehensive Economic Partnership Agreement (BD-UAE-CEPA) সম্পাদনার্থে Trade in Services- এর প্রস্তুতকৃত খসড়া Schedule of Specific Commitments বিষয়ে মতামত প্রদান।

সূত্র: বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং-২৬.০০.০০০০.১৪১.৫০.০১৪.২৬-১৫৪, তারিখ- ০২ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ- সংযুক্ত আরব আমিরাতের সাথে Comprehensive Economic Partnership Agreement ((BD-UAE-CEPA)সম্পাদনার্থে Working Group on Trade in Services- এর প্রস্তুতকৃত খসড়া Schedule of Specific Commitments (Horizontal and Sector Specific Commitments) পর্যালোচনা করা হয়েছে। প্রস্তুতকৃত খসড়া Schedule of Specific Commitment এর আলোকে WTO এর নির্দিষ্ট ছক অনুযায়ী এ মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র মতামতের সাথে এ মন্ত্রণালয় একমত পোষণ করে।

০২। এমতাবস্থায়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র মতামতের সাথে একমত পোষণ করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(রওশন আরা পলি)
উপসচিব
ফোন: +৮৮০ ২৫৫১০০৯৩৩
ই-মেইল: school1@mopme.gov.bd

সচিব
বাণিজ্য মন্ত্রণালয়

[দৃ:আ: চিত্রা শিকারী, উপসচিব, বাণিজ্য পরামর্শক শাখা]

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (বিদ্যালয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (বিদ্যালয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. অফিস কপি।

F:\DATA RECOVERY\DRIVE-2\Rabiul\CEPA\Letter.docx

Ministry of Primary and Mass Education

Schedule of Bangladesh [Bangladesh-UAE CEPA]

Modes of Supply: 1) Cross-Border Supply 2) Consumption Abroad 3) Commercial Presence 4) Presence of Natural Persons			
II. HORIZONTAL COMMITMENTS			
Sector or Sub-Sector	Limitations on Market Access	Limitations on National Treatment	Additional Commitments
5. EDUCATIONAL SERVICES			
A. Primary Education Services (CPC921**)			
Preschool education services (CPC 92110)[2]	1) None 2) None 3) None 4) None	1) None 2) None 3) None 4) None	
D. Adult Education Services (CPC 92400)[3]	1) None 2) None 3) None 4) None	1) None 2) None 3) None 4) None	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিসেবা শাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪২২.৯৯.০০০২.২৫.৩২৭

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩
০৩ সেপ্টেম্বর ২০২৬

পরিপত্র

বিষয়: সরকারের মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং উপমন্ত্রিগণের ভ্রমণ ব্যয় খাতে অর্থ বরাদ্দ/অগ্রিম অর্থ বরাদ্দ প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে অনুসরণীয় বিষয়াবলি।

সরকারের মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং উপমন্ত্রিগণ সরকারি কাজে অভ্যন্তরীণ/বৈদেশিক ভ্রমণ করে থাকেন। তাঁদের ভ্রমণ খাতের ব্যয় নির্বাহের লক্ষ্যে সরকার মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রিগণ বিষয়ক ইউনিটে অর্থ বরাদ্দ দিয়ে থাকে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ থেকে অগ্রিম অর্থ বরাদ্দ অথবা ভ্রমণ শেষে প্রকৃত ব্যয় পরিশোধের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে বিল দাখিল করা হয়। প্রেরিত বিলের সঙ্গে প্রয়োজনীয় কাগজপত্র যথাযথভাবে দাখিল না করলে এ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয় না।

২। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে, মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং উপমন্ত্রিগণের অভ্যন্তরীণ বা বৈদেশিক ভ্রমণের বিল সংক্রান্ত কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

১) ভ্রমণকারীর স্বাক্ষর ও সিলসহ প্রস্তুতকৃত বিলের সঙ্গে নিম্নলিখিত প্রমাণকসমূহ সংযুক্ত করতে হবে:

(ক) বৈদেশিক ভ্রমণের ক্ষেত্রে সরকার প্রধান কর্তৃক অনুমোদিত সারসংক্ষেপের কপি;
(খ) বৈদেশিক ভ্রমণের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক জারিকৃত অফিস আদেশের কপি;
(গ) যানবাহনের ভাড়ার প্রকৃত পরিমাণসহ টিকিট;
(ঘ) বিমান-ভ্রমণের ক্ষেত্রে বিমানের টিকিটের সঙ্গে বোর্ডিংপাস;
(ঙ) অনুমোদিত ভ্রমণ বিবরণী ও ভ্রমণসূচি;
(চ) আবাসিক হোটেলের প্রকৃত পরিশোধিত বিলের কপি/প্রমাণক;
(ছ) বৈদেশিক মুদ্রায় পরিশোধের ক্ষেত্রে টাকার সঙ্গে বিনিময় হার সংক্রান্ত বিবরণী; এবং
(জ) অন্যান্য সকল ব্যয়ের ভাউচার/প্রমাণক।

২) সরকার প্রধান কর্তৃক অনুমোদিত সারসংক্ষেপে উল্লিখিত ভ্রমণকালের অতিরিক্ত সময় ভ্রমণ করা হলে পুনরায় অনুমোদন গ্রহণ করতে হবে।
৩) অগ্রিম বরাদ্দের ক্ষেত্রে অর্থ বিভাগের সর্বশেষ জারিকৃত নির্দেশনা অনুসরণ করতে হবে।
৪) অগ্রিম অর্থ গ্রহণপূর্বক ভ্রমণের ক্ষেত্রে ভ্রমণ সম্পন্নের ১ (এক) মাসের মধ্যে উক্ত অগ্রিমের সমন্বয় বিল দাখিল করতে হবে। পূর্বের অগ্রিম বিল সমন্বয় করা না হলে পরবর্তী ভ্রমণের ক্ষেত্রে অর্থ বরাদ্দ প্রদান করা হবে না।
৫) অগ্রিম অর্থ বরাদ্দের ক্ষেত্রে নথি ব্যবস্থাপনা ও অর্থ ছাড়করণের সুবিধার্থে প্রয়োজনীয় সময় হাতে রেখে বিল দাখিল করতে হবে।
৬) বিল দাখিলের ক্ষেত্রে মূলকপিসহ মোট ৩ (তিন) সেট দাখিল করতে হবে।
৭) সকল ফটোকপির সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

৪। এ বিভাগের গত ৪ মে ২০২৫ তারিখের ০৪.০০.০০০০.৪২২.৯৯.০০২.১৯.৭৯ সংখ্যক জারিকৃত পরিপত্র এতদ্দ্বারা প্রতিস্থাপিত হলো।

AD (ব্য. প্রশা./সা. প্রশা.)
22-09-26

☐ উপ পরিচালক (সাধারণ প্রশাসন/ ব্যক্তি প্রশাসন/ অর্থ ও বাজেট/ সভিঃ/বাশুঃ/প্রশিঃ)
☐ উপ পরিচালক (পরিঃ/নীতি ও মূল্যাঃ/রিসার্স ও ডকুঃ/সামাঃ উদ্বুদ্ধকরণ)
☐ .....
মহাপরিচালক
ডাইরি নং : ৩৭৬৫
তারিখ : ২০/৯/২৬

০৩-০৯-২০২৬
শারমিন ইয়াসমিন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ২২৬৬৪১০১৮

☐ উপ পরিচালক (সাধারণ প্রশাসন/ ব্যক্তি প্রশাসন/ অর্থ ও বাজেট/ সভিঃ/বাশুঃ/প্রশিঃ)
☐ উপ পরিচালক (পরিঃ/নীতি ও মূল্যাঃ/রিসার্স ও ডকুঃ/সামাঃ উদ্বুদ্ধকরণ)
.....
পরিচালক
ডাইরি নং : ৩৫৮
তারিখ : ২০/৯/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর: ৩৮.০০.০০০০.০০২.৯৯.০০৩.২০২০.১৯৬১

তারিখঃ ৩১ ভাদ্র ১৪৩৩ / ১৫ সেপ্টেম্বর ২০২৬

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

বিতরণ / অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৪. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৫. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৬. পরিচালক, শিশু-কল্যাণ ট্রাস্ট, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. অফিস কপি।

(মোঃ শামছুল আরিফ)
উপসচিব
ফোনঃ ০২২২৩৩৫১৮০১
ই-মেইল: admin2@mopme.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বিএসইসি শাখা
৯১, মতিঝিল বা.এ, ঢাকা-১০০০
www.moind.gov.bd

AD (ব্য. প্রশা./সা. প্রশা.)

স্মারক নম্বর: ৩৬.০০.০০০০.০০০.০৬৭.০৭.০০০৬.১৫.৭৫

তারিখ: ৯ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি) পরিচালিত শিল্প প্রতিষ্ঠানসমূহ হতে উৎপাদিত পণ্য সরকারি দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক সরাসরি ক্রয় পদ্ধতিতে (ডিপিএম) ক্রয় প্রসংগে।

সূত্র: ১। শিল্প মন্ত্রণালয়ের পত্র নং-৩৬.০০.০০০০.০৬৭.০৭.০০৬.১৫.১৪৫, তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০২৪।
২। শিল্প মন্ত্রণালয়ের পত্র নং-৩৬.৯৩.০০০০.০২০.৪৬.০৪৬.২৪-১৪৫১, তারিখ: ০২ সেপ্টেম্বর ২০২৪।
৩। শিল্প মন্ত্রণালয়ের পত্র নং-৩৬.০০.০০০০.০৬৭.০৭.০০৬.১৫..৫৬, তারিখ: ১২ মার্চ ২০২৪। ৪। শিল্প মন্ত্রণালয়ের পত্র নং-৩৬.০০.০০০০.০৯২.০৭.০০৬.১৫.৯৯, তারিখ: ২৬ আগস্ট ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি)'র নিয়ন্ত্রণাধীন ৮টি রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানের পণ্যসমূহ উন্নতমানের আমদানিকৃত কাঁচামাল এবং কঠোর মান নিয়ন্ত্রণের মাধ্যমে উৎপাদিত, যা পরিবেশবান্ধব ও দীর্ঘস্থায়ী। উৎপাদিত পণ্যসমূহ সরাসরি ক্রয়ের (ডিপিএম) ফলে বারবার দরপত্র প্রক্রিয়াকরণের প্রশাসনিক ব্যয় হ্রাস পাবে এবং পণ্য ক্রয়ে আর্থিক অপচয় রোধ হবে, দেশীয় সরকারি শিল্পের পর্যায়ক্রমে বিকাশ, দেশীয় দক্ষতার উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং আমদানির বিকল্প হিসেবে বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে।

২। উল্লেখ্য, স্থানীয় শিল্প সুরক্ষায় সরকারি প্রতিষ্ঠানের পণ্য অগ্রাধিকার ভিত্তিতে সরাসরি ক্রয়ের (DPM) বিষয়ে সরকারের অনুশাসন বিদ্যমান রয়েছে।

৩। এমতাবস্থায়, সরকারি নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে সময়ে সময়ে জারীকৃত সরকারী নির্দেশনার আলোকে বিএসইসি'র [illegible] প্রতিষ্ঠানসমূহ হতে উৎপাদিত পণ্যসমূহ সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) ক্রয়ের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা [illegible]

[illegible] প্রতিষ্ঠানসমূহে উৎপাদিত পণ্যের প্রশিউর

☑ উপ পরিচালক (সাধারণ প্রশাসন ব্যক্তি প্রশাসন/ অর্থ ও বাজেট/ পজিঃ/বাস্তঃ/প্রশিঃ)
☐ উপ পরিচালক (পরিঃ/মনিঃ ও মূল্যাঃ/রিসার্স ও ডকুঃ/সামাঃ উদ্বুদ্ধকরণ)
পরিচালক
ডাইরি নং। ৫৮৫
তারিখ। ১৫/৯/২৬

২৪-০৮-২০২৬
আয়শা জান্নাত তাহেরা
সিনিয়র সহকারী সচিব
ফোন : ০২-২২৩৩৮৮৭৪৭
ইমেইল : asbs2@moind.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর: ৩৬.০০.০০০০.০০২.৯৯.০০৩.২০২০.১৮৯০

তারিখঃ ২২ ভাদ্র ১৪৩৩
০৬ সেপ্টেম্বর ২০২৬

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

বিতরণ / অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. অতিরিক্ত সচিব (সকল) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৪. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৫. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৬. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. অফিস কপি।

(মোঃ শামছুল আরিফ)
উপসচিব
ফোনঃ ০২২২৩৩৫১৮০১
ই-মেইল: admin2@mopme.gov.bd

AD (ব্য. প্রশা./সা. প্রশা.)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।
(ইঞ্জিনিয়ারিং শাখা)
www.brta.gov.bd

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৩.০০২.৬৪.০০১৯.২৬-১১৮৫

২৬ শ্রাবণ ১৪৩৩
১০ আগস্ট ২০২৬

বিষয় : মোটরযান স্ক্র্যাপ ও রিসাইক্লিং নীতিমালা, ২০২৬ বাস্তবায়নের জন্য অকেজো ঘোষিত মোটরযান ডাম্পিং স্টেশনে প্রেরণ

সূত্র : ১। মোটরযান স্ক্র্যাপ ও রিসাইক্লিং নীতিমালা, ২০২৬;
২। প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-০৩.২২.০০০০.০৭৬.৪৫.০০১.২০-১০০ তারিখ : ০৯ আগস্ট ২০২৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ নীতিমালা ও পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মোটরযান স্ক্র্যাপ ও রিসাইক্লিং নীতিমালা, ২০২৬ অনুযায়ী সরকারি বা স্বায়ত্তশাসিত বা বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক অকেজো ঘোষিত মোটরযান স্ক্র্যাপকরণের বাধ্যবাধকতা রয়েছে।

২। সূত্রস্থ ২নং পত্রের সাথে সংযুক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তের ক্রমিক নং-৩.২ (খ) অনুযায়ী ব্যবহার অনুপযোগী ঘোষিত সরকারি যানবাহনসমূহ সকল দাপ্তরিক প্রক্রিয়া সম্পন্নপূর্বক দ্রুত স্ক্র্যাপিং করার জন্য বিআরটিএ-এর ডাম্পিং স্টেশনে (বড় কাকর,বিরুলিয়া, সাভার, ঢাকা) প্রেরণ করা প্রয়োজন। প্রয়োজনে অফিসার-ইন-চার্জ (ডিপো), মোবাইল: ০১৫৫০০৫১৬২১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৩। এমতাবস্থায়, মোটরযান স্ক্র্যাপ ও রিসাইক্লিং নীতিমালা, ২০২৬ বাস্তবায়নের নিমিত্ত অকেজো ঘোষিত মোটরযান বিআরটিএ-এর ডাম্পিং স্টেশনে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০৬(ছয়) পাতা

মোহাম্মদ হাবীবুর রহমান
চেয়ারম্যান
ফোন : ০২-৫৫০৪০৭১১
ই-মেইল : chairman@brta.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর: ৩৮.০০.০০০০.০০২.৯৯.০০৩.২০২০.১৯০৭

তারিখঃ ২৪ ভাদ্র ১৪৩৩ / ০৮ সেপ্টেম্বর ২০২৬

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১ মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
২ মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৩ মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৪ মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৫ সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬ পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৭ অফিস কপি।

(মোঃ শামছুল আরিফ)
উপসচিব
ফোনঃ ০২২২৩৩৫১৮০১
ই-মেইল: admin2@mopme.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।
(ইঞ্জিনিয়ারিং শাখা)
www.brta.gov.bd

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৩.০০২.৬৪.০০১৯.২৬-১১৮৫

তারিখ : ২৬ শ্রাবণ ১৪৩৩ / ১০ আগস্ট ২০২৬

বিষয় : মোটরযান স্ক্র্যাপ ও রিসাইক্লিং নীতিমালা, ২০২৬ বাস্তবায়নের জন্য অকেজো ঘোষিত মোটরযান ডাম্পিং স্টেশনে প্রেরণ

সূত্র : ১। মোটরযান স্ক্র্যাপ ও রিসাইক্লিং নীতিমালা, ২০২৬;
২। প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-০৩.২২.০০০০.০৭৬.৪৫.০০১.২০-১০০ তারিখ : ০৯ আগস্ট ২০২৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ নীতিমালা ও পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মোটরযান স্ক্র্যাপ ও রিসাইক্লিং নীতিমালা, ২০২৬ অনুযায়ী সরকারি বা স্বায়ত্তশাসিত বা বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক অকেজো ঘোষিত মোটরযান স্ক্র্যাপকরণের বাধ্যবাধকতা রয়েছে।

২। সূত্রস্থ ২নং পত্রের সাথে সংযুক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তের ক্রমিক নং-৩.২ (খ) অনুযায়ী ব্যবহার অনুপযোগী ঘোষিত সরকারি যানবাহনসমূহ সকল দাপ্তরিক প্রক্রিয়া সম্পন্নপূর্বক দ্রুত স্ক্র্যাপিং করার জন্য বিআরটিএ-এর ডাম্পিং স্টেশনে (বড় কাকর,বিরুলিয়া, সাভার, ঢাকা) প্রেরণ করা প্রয়োজন। প্রয়োজনে অফিসার-ইন-চার্জ (ডিপো), মোবাইল: ০১৫৫০০৫১৬২১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৩। এমতাবস্থায়, মোটরযান স্ক্র্যাপ ও রিসাইক্লিং নীতিমালা, ২০২৬ বাস্তবায়নের নিমিত্ত অকেজো ঘোষিত মোটরযান বিআরটিএ-এর ডাম্পিং স্টেশনে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০৬(ছয়) পাতা

মোহাম্মদ হাবীবুর রহমান
চেয়ারম্যান
ফোন : ০২-৫৫০৪০৭১১
ই-মেইল : chairman@brta.gov.bd

সিনিয়র সচিব/ সচিব প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। বিভাগ/মন্ত্রণালয় (সকল) [তাঁর আওতাধীন দপ্তর/ সংস্থাকে অবহিতকরণের অনুরোধসহ]

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা;
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। উপপরিচালক (ইঞ্জিনিয়ারিং) ও অফিসার-ইন-চার্জ (ডিপো), বিআরটিএ ঢাকা মেট্রো-৩ সার্কেল, উত্তরা, ঢাকা; এবং
৫। অফিস কপি।

অতিরিক্ত সচিব (প্রশাসন)
☑ যুগ্ম সচিব (প্রশাসন)
☐ উপ-সচিব (প্র-১/২)
☐ উপ-সচিব (সওম/তদন্ত)
☐ আইসিটি
☐ লাইব্রেরি
☐ হিসাব শাখা
☐ ব্যক্তিগত কর্মকর্তা
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ডাইরী নং...
তারিখ...

গ্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
সচিব-এর দপ্তর
☐ অতিরিক্ত সচিব (বিদ্যালয়) — অতি: গুরুত্বপূর্ণ
☐ অতিরিক্ত সচিব (প্রশাসন) — জরুরী
☐ অতিরিক্ত সচিব (উন্নয়ন) — ব্যবস্থা গ্রহণ
☐ অতিরিক্ত সচিব (বা:ও অ:) — নথিতে পেশ
☐ যুগ্মসচিব..... — পরীক্ষান্তে পেশ
☐ সচিবের একান্ত সচিব — নথিজাত / আলোচনা
ডাইরী নং...
তারিখ...
সচিব

প্রধানমন্ত্রীর কর্তৃপক্ষ

পত্র সংখ্যা ০৩.২২.০০০০.০৭৬.৪৫.০০১.২০-১০০

তারিখ ০৯ আগস্ট ২০২৬

বিষয়: পরিবেশ দূষণ (শব্দ দূষণ, বায়ু দূষণ ইত্যাদি), পলিথিন ব্যবহার নিয়ন্ত্রণ ও বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ৩০ জুলাই ২০২৬ তারিখে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে পরিবেশ দূষণ (শব্দ দূষণ, বায়ু দূষণ ইত্যাদি), পলিথিন ব্যবহার নিয়ন্ত্রণ ও বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

০৯/০৮/২০২৬
(সায়মা আক্তার)
পরিচালক-৯ (প্রতিকল্প)
ফোনঃ ৫৫০২৯৪৩৯
ই-মেইলঃ dir9@pmo.gov.bd

বিতরণ (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২-৮। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়/ শিল্প মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/ স্থানীয় সরকার বিভাগ/ বিদ্যুৎ বিভাগ/ বাণিজ্য মন্ত্রণালয়/ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১০-১১। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/ বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, ঢাকা।
১২। কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
১৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
১৪-১৮। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ গণপূর্ত অধিদপ্তর/ শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, ঢাকা।
২০-২১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। মহাপরিচালক-৩ এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয় মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা

পরিবেশ দূষণ (শব্দ দূষণ, বায়ু দূষণ ইত্যাদি), পলিথিন ব্যবহার নিয়ন্ত্রণ ও বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	:	এ বি এম আব্দুস সাত্তার, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব
তারিখ ও সময়	:	৩০ জুলাই ২০২৬, বিকেল ০৩:০০ ঘটিকা
স্থান	:	মন্ত্রিপরিষদ বিভাগ, (কক্ষ নম্বর-৮০০) বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ	:	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, মানুষের অসচেতনতাসহ বিভিন্ন কারণে দেশব্যাপী ব্যাপকভাবে পরিবেশ দূষণ হচ্ছে। পানি দূষণ, বায়ু দূষণ, শব্দ দূষণ, মাটি দূষণ ইত্যাদি দূষণ রোধে সঠিক পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা প্রয়োজন। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের বিষয়ে ভবিষ্যৎ কর্মপরিকল্পনা গ্রহণের লক্ষ্যে গত ১৮ জুলাই ২০২৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পরিবেশ দূষণ রোধের বিষয়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহণের জন্য মাননীয় প্রধানমন্ত্রী সদয় নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন যে, উক্ত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদানের জন্য আজকের সভাটি আয়োজন করা হয়েছে।

০২। সভায় উপস্থিত বাণিজ্য মন্ত্রণালয় ও বিদ্যুৎ বিভাগের সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের চেয়ারম্যান, ঢাকা মেট্রোপলিটন পুলিশের কমিশনার, পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক, স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব, সরকারি প্রকৌশল সংশ্লিষ্ট দপ্তরসমূহের প্রধান প্রকৌশলীবৃন্দ, এনবিআর, রাজউক, ঢাকা ওয়াসা এবং ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশনের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ তাদের সুচিন্তিত মতামত ব্যক্ত করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	বাংলাদেশে অকারণে হর্ণ বাজানোসহ বিভিন্ন উৎস থেকে মাত্রাতিরিক্ত শব্দ দূষণ হচ্ছে। যেমন, নির্মাণ কাজে ব্যবহৃত ডারী যন্ত্রপাতি ও নির্মাণ সরঞ্জামের শব্দ, বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক ও ধর্মীয় অনুষ্ঠানে এবং বাণিজ্যিক প্রচারণায় উচ্চ শব্দে মাইকের ব্যবহার, শিল্প-কারখানার উৎপাদন প্রক্রিয়ায় যন্ত্রাংশের শব্দ ইত্যাদি। এই শব্দ দূষণ মানবস্বাস্থ্য ও পরিবেশের জন্য অত্যন্ত ক্ষতিকর। শব্দ দূষণ কার্যকরভাবে নিয়ন্ত্রণের জন্য শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ বাতিল করে আরও যুগোপযোগী ও বাস্তবভিত্তিক বেশ কয়েকটি নতুন বিধান যুক্ত করে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২৫ জারি করা হয়েছে।	ক) মানমাত্রা অতিক্রমকারী হর্ন, হাইড্রোলিক হর্ন, মাল্টি টিউন হর্ন ও সহায়ক যন্ত্রাংশ প্রস্তুত, আমদানি, মজুদ, বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, বিতরণ, বাজারজাতকরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহন ও ব্যবহার কঠোরভাবে রোধ করতে হবে। এ বিষয়ে গণবিজ্ঞপ্তি জারী করে তা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা করতে হবে।	- পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় -ঢাকা মেট্রোপলিটন পুলিশ
		খ) কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতীত পাবলিক প্লেস বা জনপরিসরে লাউড স্পিকার, মাইক, এমপ্লিফায়ার, মিউজিক সিস্টেম বা অন্য কোনো উচ্চ শব্দ উৎপন্নকারী যন্ত্রপাতির ব্যবহার নিয়ন্ত্রণ করতে হবে।	- পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় -ঢাকা মেট্রোপলিটন পুলিশ
		গ) আবাসিক এলাকার ৫০০ মিটারের মধ্যে নির্মাণ কাজ সন্ধ্যা ৭ টা-সকাল ৭ টা পর্যন্ত বন্ধ রাখার বিষয়ে বিষয়ে দাপ্তরিক তৎপরতার পাশাপাশি জনসচেতনতা বৃদ্ধি করতে হবে।	- পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় -ঢাকা মেট্রোপলিটন পুলিশ

ক্রম	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	সভায় শব্দদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ বাস্তবায়নে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তরকে অধিকতর তৎপর হবার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সভায় শব্দ দূষণ নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর জন্য হংকিং মেশিন ক্রয় করা এবং শব্দ দূষণ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া, ড্রাইভারদের প্রশিক্ষণে শব্দ দূষণকে অন্তর্ভুক্ত করা, প্রশিক্ষণের জন্য আধুনিক ও যুগোপযোগী কারিকুলাম প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা হয়।	ঘ) যেকোন সামাজিক, সাংস্কৃতিক অনুষ্ঠানে নির্ধারিত সর্বোচ্চ শব্দের মাত্রা (৯০ ডেসিবল) এবং সর্বশেষ সময় (রাত্রি ১১:০০ ঘটিকা) কঠোরভাবে নিয়ন্ত্রণ করতে হবে।	- পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় -ঢাকা মেট্রোপলিটন পুলিশ
		ঙ) ভুক্তভোগী মৌখিক বা লিখিতভাবে অথবা ৯৯৯ এ শব্দ দূষণ নিয়ে অভিযোগ করলে সংশ্লিষ্ট দপ্তরকে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে প্রতিকার পদ্ধতি সুনির্দিষ্ট করতে হবে।	-ঢাকা মেট্রোপলিটন পুলিশ
		চ) শব্দ দূষণ রোধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর জন্য হংকিং মেসিন ক্রয় করতে হবে। প্রাথমিক পর্যায়ে সীমিত সংখ্যক হংকিং মেশিন ক্রয়পূর্বক ঢাকার নীরব এলাকাসমূহে পাইলট ভিত্তিতে স্থাপন করতে হবে। শব্দ দূষণ রোধে হংকিং মেশিনের কার্যকারিতা ইতিবাচক পরিলক্ষিত হলে পরবর্তীতে ধাপে ধাপে আরও হংকিং মেশিন ক্রয় করা যেতে পারে।	-স্বরাষ্ট্র মন্ত্রণালয় -ঢাকা মেট্রোপলিটন পুলিশ
		ছ) যানবাহনে অবৈধভাবে ব্যবহৃত শব্দ দূষণকারী হর্ন হটার ইত্যাদি অপসারণে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আরো তৎপর হতে হবে।	-ঢাকা মেট্রোপলিটন পুলিশ
		জ) যানবাহনের ফিটনেস সার্টিফিকেট প্রদান/ নবায়নের সময়ে হটার, হাইড্রোলিক হর্ন ইত্যাদি পাওয়া গেলে তা অপসারণ করতে হবে।	- বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
		ঝ) শব্দ দূষণের বিষয়ে ড্রাইভারদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে হবে। এ লক্ষ্যে সড়ক ও মহাসড়ক বিভাগের আওতায় চলমান ৮০ দিনের প্রশিক্ষনে শব্দ দূষণ নিয়ন্ত্রণে আইনগত বিষয়াবলী সম্পর্কে তাদের অবহিত করতে হবে।	- বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
		ঞ) ড্রাইভারদের লাইসেন্স নবায়নে বিআরটিএ এর দিনব্যাপী প্রশিক্ষণে শব্দ দূষণকে সিলেবাসে অন্তর্ভুক্ত করতে হবে।	- বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
		ট) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে ড্রাইভিং প্রশিক্ষনের জন্য একটি মানসম্মত কারিকুলাম প্রনয়ন করতে হবে। ড্রাইভিং প্রশিক্ষণ প্রদানকারী বেসরকারী প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পরিদর্শন করতে হবে। কার্যক্রম সন্তোষজনক না হলে লাইসেন্স বাতিলের উদ্যোগ নিতে হবে।	- বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ - জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
		ঠ) ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সহযোগিতায় শব্দদূষণ বিষয়ক প্রচারণা বৃদ্ধি করতে হবে।	-তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় -পরিবেশ অধিদপ্তর

ক্রম	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.২	সভায় মোটরযান স্ক্র্যাপ ও রিসাইক্লিং নীতিমালা, ২০২৬ অনুযায়ী ইকোনমিক লাইফ শেষ হওয়া গাড়ি ও অকেজো গাড়ি সড়ক থেকে অপসারণপূর্বক স্ক্র্যাপ ও রিসাইক্লিং এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অকেজো যানবাহন স্ক্র্যাপিং ও রিসাইক্লিং পদ্ধতি আধুনিক করার লক্ষ্যে বিদ্যমান নীতিমালা সংশোধনের বিষয়েও সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া, দুর্ঘটনার শিকার মামলাভুক্ত যানবাহনের বিষয়েও সভায় আলোচনা হয়।	ক) অকেজো, ব্যবহার অনুপোযোগী যানবাহন স্ক্র্যাপিং ও রিসাইক্লিং পদ্ধতি আধুনিক ও যুগোপযোগী করতে মোটরযান স্ক্র্যাপ ও রিসাইক্লিং নীতিমালা ২০২৬ এর প্রয়োজনীয় সংশোধন করতে হবে।	-সড়ক ও মহাসড়ক বিভাগ - বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
		খ) বিদ্যমান নীতিমালা অনুযায়ী ব্যবহার অনুপযোগী ঘোষিত সরকারি যানবাহনসমূহ দ্রুত স্ক্র্যাপিং করতে হবে। সকল দাপ্তরিক প্রক্রিয়া সম্পন্নপূর্বক অকেজো সরকারি যানবাহন স্ক্র্যাপিং করার জন্য বিআরটিএ তে প্রেরণ করা যেতে পারে।	-সরকারি যানবাহন অধিদপ্তর - বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
		গ) দুর্ঘটনার শিকার হওয়া/আটককৃত, মামলাভুক্ত কোন গাড়ীর মালিকের আবেদনের প্রেক্ষিতে উক্ত গাড়ী মালিকের নিকট ফেরত দেয়া যায় কিনা তা পর্যালোচনার জন্য আইন ও বিচার বিভাগের সাথে আলোচনা করতে হবে।	-সড়ক ও মহাসড়ক বিভাগ -ঢাকা মেট্রোপলিটন পুলিশ -আইন ও বিচার বিভাগ
৩.৩	সভায় পরিবেশ দূষণ রোধে প্রথাগত ইটভাটায় প্রস্তুতকৃত ইটের পরিবর্তে সিমেন্ট, বালি ও পাথর দিয়ে তৈরি পরিবেশ বান্ধব ব্লক ইট নির্মাণ ও ব্যবহারের বিষয়ে আলোচনা হয়। ব্লক ইটের দাম কমানোর ওপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া, হাউজ বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা কম হওয়ায় ব্লক ইটের মান নির্ধারণসহ নিয়মিত মনিটরিং কার্যক্রম সরকারি বিভিন্ন প্রকৌশল দপ্তরের সমন্বয়ে করা যায় কি-না সে বিষয়েও আলোচনা হয়।	ক) পরিবেশ বান্ধব ব্লক ইটের ব্যবহার বৃদ্ধি ও সাশ্রয়ী মূল্যে প্রাপ্তির লক্ষ্যে TAX কমানোর বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সাথে আলোচনার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	-পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
		খ) হাউজ বিল্ডি রিসার্চ ইনস্টিটিউট (HBRI) এর সক্ষমতা কম হওয়ায় ব্লক ইটের মান নিয়ন্ত্রণ বিষয়ক মনিটরিং কার্যক্রম HBRI এর পাশাপাশি গণপূর্ত অধিদপ্তরসহ অন্যান্য সরকারি প্রকৌশল দপ্তরকে দায়িত্ব প্রদান করা যেতে পারে।	-পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
		গ) পরিবেশ বান্ধব ইট সংক্রান্ত সার্বিক বিষয়াদি পর্যালোচনার জন্য নির্মাণ সংশ্লিষ্ট সকল সরকারি প্রকৌশল দপ্তরকে নিয়ে একটি পৃথক সভা আয়োজন করতে হবে।	-পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এ বি এম আব্দুস সাত্তার)
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, ফেব্রুয়ারি ১৩, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ/২৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ

নং ৩৫.০০.০০০০.০২০.২২.০৩১.২২-৬২—সরকার ০৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ/২৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ তারিখে 'মোটরযান ক্ল্যাপ ও রিসাইক্লিং নীতিমালা, ২০২৬' অনুমোদন করেছে।

২। জনস্বার্থে জারীকৃত এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আল-আমীন মোঃ নুরুল ইসলাম
উপসচিব।

মোটরযান ক্র্যাপিং ও রিসাইক্লিং নীতিমালা, ২০২৬

প্রথম অধ্যায়: প্রারম্ভিক

১। ভূমিকা

১.১ বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের অন্যতম কারণ হিসাবে পরিবেশ দূষণকে বিবেচনা করা হয়। রাস্তায় চলমান যানবাহনের ক্রমবর্ধমান সংখ্যা, বিশেষ করে পুরানো যানবাহনসমূহ পরিবেশ দূষণের মাত্রা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করছে। বাংলাদেশের মোটরযানের জীবনচক্রের পরিসমাপ্তি ঘটানো বা এর ডিসপোজাল পদ্ধতি না থাকায় চলাচল অনুপযোগী, অচলঘোষিত, ইকোনমিক লাইফ বা মেয়াদ অতিক্রান্ত, দীর্ঘদিন ফিটনেস সনদবিহীন ইত্যাদি মোটরযান সড়ক বা মহাসড়কে চলাচল করছে এবং সড়ক নিরাপত্তা বিঘ্নিতসহ পরিবেশের ওপরে বিরূপ প্রভাব পড়েছে। পরিবেশবান্ধব প্রক্রিয়ায় ক্র্যাপ করার মাধ্যমে এসব মোটরযানের জীবনচক্রের পরিসমাপ্তি ঘটালে বা ডিসপোজাল করা হলে সড়ক পরিবহণ সেক্টরে একদিকে যেমন সড়ক নিরাপত্তা ও শৃঙ্খলা বৃদ্ধি পাবে অন্যদিকে পরিবেশ তথা বায়ু দূষণ হ্রাস পাবে। এছাড়া, ক্র্যাপকৃত মোটরযানের ব্যবহারযোগ্য যন্ত্রাংশ বা উপাদানসমূহ পুনঃব্যবহারের মাধ্যমে বৈদেশিক মুদ্রা সাশ্রয়সহ অটোমোবাইল শিল্পে নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে।

১.২ এ প্রেক্ষাপটে সড়ক পরিবহন আইন, ২০১৮-এর ধারা ১২৪(থ) মোতাবেক মোটরযানের জীবনচক্রের পরিসমাপ্তি ঘটানো বা ডিসপোজাল বা নিষ্পত্তি করার লক্ষ্যে 'মোটরযান ক্র্যাপিং ও রিসাইক্লিং নীতিমালা, ২০২৬' প্রণয়ন করা হলো।

২। সংজ্ঞার্থ-বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকলে, এই নীতিমালায়—

২.১ 'কর্তৃপক্ষ' অর্থ বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ আইন, ২০১৭-এর ধারা ২(গ)-এ উল্লিখিত 'কর্তৃপক্ষ'-কে বুঝাবে;

২.২ 'মোটরযান মালিক' অর্থ সড়ক পরিবহণ আইন, ২০১৮-এর ধারা ২(৪৫)-এ উল্লিখিত মোটরযান মালিক-কে বুঝাবে;

২.৩ 'মোটরযান' অর্থ সড়ক পরিবহণ ,আইন, ২০১৮-এর ধারা ২(৪২)-এ উল্লিখিত মোটরযান-কে বুঝাবে;

২.৪ 'ক্র্যাপিং' অর্থ নির্ধারিত প্রক্রিয়ার মাধ্যমে মোটরযানকে পরিবেশবান্ধব উপায়ে মোটরযানের উপাদানসমূহ পুনঃব্যবহার, পুনঃনির্মাণ ও রিসাইক্লিং ;

২.৫ 'ক্র্যাপযোগ্য মোটরযান' অর্থ এই নীতিমালার অনুচ্ছেদ-৪ এ বর্ণিত মোটরযানসমূহ;

২.৬ 'ইকোনমিক লাইফ' অর্থ সড়ক পরিবহণ আইন, ২০১৮-এর ধারা ৩৬ অনুযায়ী সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত ইকোনমিক লাইফ;

২.৭ 'ক্র্যাপ ডেন্ডর' অর্থ কর্তৃপক্ষ কর্তৃক মোটরযান ক্র্যাপ করার উদ্দেশ্যে নিয়োজিত ব্যক্তি বা প্রতিষ্ঠান; এবং

২.৮ 'অকেজো মোটরযান' অর্থ জনপ্রশাসন মন্ত্রণালয়ের মোটরযান অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা অনুযায়ী অকেজো ঘোষিত মোটরযান , আধা-সরকারি, স্বায়ত্তশাসিত বা বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব নীতিমালা হিসাবে বা সিদ্ধান্ত অনুযায়ী অকেজো ঘোষিত মোটরযান এবং সড়কে চলাচলরত ব্যক্তি মালিকানাধীন যে-কোনো অযোগ্য মোটরযান।

৩। নীতিমালার উদ্দেশ্য

৩.১ চলাচল অনুপযোগী, অকেজো ঘোষিত, ইকোনমিক লাইফ অতিক্রান্ত মোটরযান সড়ক থেকে অপসারণপূর্বক ক্র্যাপিং ও রিসাইক্লিং-এর মাধ্যমে পরিবেশবান্ধব উপায়ে বিনষ্ট বা নিষ্পত্তি করা;

৩.২ সড়ক নিরাপত্তা ও সড়ক পরিবহণ সেক্টরে শৃঙ্খলা বৃদ্ধি করা;

৩.৩ মোটরযানজনিত পরিবেশদূষণ বিশেষ করে বায়ু দূষণ হ্রাস করা এবং টেকসই পরিবহণ ব্যবস্থা গড়ে তোলা;

৩.৪ ক্র্যাপকৃত মোটযানের ব্যবহারযোগ্য যন্ত্রাংশ বা উপাদানসমূহ পুনঃব্যবহারের মাধ্যমে বিভিন্ন শিল্পের কাঁচামাল হিসাবে ব্যবহারের মাধ্যমে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা;

৩.৫ অটোমোবাইল শিল্পের ব্যাপ্তি বৃদ্ধির মাধ্যমে নতুন কর্মসংস্থান সৃষ্টি করা;

৩.৬ ফিটনেসবিহীন যানবাহনের সংখ্যা কমানোর জন্য প্রণোদনা প্রদান করা;

৩.৭ পরিবেশবান্ধব পদ্ধতিতে বৃত্তাকার অর্থনীতি (circular economy) উৎসাহিত করা; এবং

৩.৮ জ্বালানি সাশ্রয়ী মোটরযান ব্যবহার নিশ্চিত করা।

দ্বিতীয় অধ্যায় : ক্র্যাপযোগ্য মোটরযানের বৈশিষ্ট্য

৪। ক্র্যাপযোগ্য মোটরযান

৪.১ নির্ধারিত ইকোনমিক লাইফ অতিক্রান্ত এবং চলাচলের অযোগ্য মোটরযান;

৪.২ সরকারি বা স্বায়ত্তশাসিত বা বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক অকেজো ঘোষিত মোটরযান;

৪.৩ আগুন, বিস্ফোরক, প্রাকৃতিক দুর্যোগ বা দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত মোটরযান, যা মেরামত করে চালানো আর্থিকভাবে লাভজনক নয় এরূপ মোটরযান;

৪.৪ আদালত বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক রায় বা আদেশের মাধ্যমে নিষ্পত্তিকৃত বা ঘোষিত মোটরযান;

৪.৫ স্বেচ্ছায় ক্র্যাপের উদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত ভেন্ডর বরাবর হস্তান্তরকৃত মোটরযান;

৪.৬ অননুমোদিতভাবে উৎপাদিত মোটরযান;

৪.৭ অননুমোদিতভাবে উৎপাদিত মোটরযান যার প্রকৃতি বা আকৃতি কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত পরিবর্তন করা হয়েছে;

৪.৮ যুক্তিসঙ্গতকারণ ব্যতীত ১ (এক) বছরের অধিক সময় ধরে ফিটনেস খেলাপি মোটরযান;

৪.৯ উপযুক্ত কর্তৃপক্ষের পরীক্ষায় মোটরযানের নিঃসরণ 'বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২' এর নির্ধারিত মান এক বছরে তিনবার অতিক্রান্ত যে কোনো মোটরযান; এবং

৪.১০ সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত যে-কোনো মোটরযান;

৫। ক্র্যাপিং প্রক্রিয়া

৫.১ ক্র্যাপযোগ্য মোটরযান মালিক মূল কাগজপত্রাদিসহ সংশ্লিষ্ট মোটরযান রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট নির্ধারিত ফর্মে আবেদন করবে;

৫.২ যাচাই-বাছাইঅন্তে সংশ্লিষ্ট মোটরযানটি কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত বা অনুমোদিত ভেন্ডরের নিকট হস্তান্তর করবে;

৫.৩ ক্র্যাপ করার উদ্দেশ্যে কেবল কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগকৃত ক্র্যাপ ভেন্ডর ক্র্যাপ কার্যক্রম সম্পাদন করবে;

৫.৪ মোটরযান ক্র্যাপ করার পূর্বে উক্ত মোটরযানের বিরুদ্ধে কোনো মামলা বা দায় আছে কি না, তা যাচাই করতে হবে;

৫.৫ যে-কোনো সময় ক্র্যাপ ভেন্ডরের কার্যক্রম কর্তৃপক্ষ অডিট বা পরিদর্শন করতে পারবে;

৫.৬ পরিত্যক্ত ফিটনেসবিহীন বা উপর্যুপরি দূষণকারী মোটরযানের ক্ষেত্রে আদালত বা বাংলাদেশ পুলিশ বা কাস্টমস বা অন্য যে-কোনো সংস্থা বা প্রতিষ্ঠান যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে ক্র্যাপ করার নিমিত্ত কর্তৃপক্ষকে অনুরোধ করলে, কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

৫.৭ বাংলাদেশ পুলিশ অথবা কর্তৃপক্ষ কর্তৃক ক্র্যাপযোগ্য মোটরযান আটককৃতহলে, উক্ত যানবাহন ক্র্যাপ করার জন্য মোটরযান নিবন্ধন বা রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। তবে এক্ষেত্রে মোটরযান মালিককে ন্যূনতম ৩০ (ত্রিশ) দিনের নোটিস প্রদান করতে হবে এবং লিখিত আপত্তি জানানোর সুযোগ দিতে হবে;

৫.৮ ক্র্যাপ ভেন্ডর মোটযানের চেসিস এমনভাবে বিনষ্ট করবে, যাতে অন্য কোনো মোটরযানে তা ব্যবহার অনুপযোগী থাকে;

৫.৯ ক্র্যাপকৃত মোটরযানের কাগজপত্র ও রেকর্ডসমূহ ভেন্ডর প্রতিষ্ঠান ও কর্তৃপক্ষ উভয়ই সংরক্ষণ করবে;

৫.১০ ক্র্যাপকৃত বিভিন্ন ধরনের মোটরযানের ধ্বংসাবশেষ ক্র্যাপ ভেন্ডর নির্ধারিত পদ্ধতিতে শ্রেণিবিন্যাস করে যথাযথ উপায়ে সংরক্ষণ করবে এবং বিধি মোতাবেক নিষ্পত্তি করবে;

৫.১১ স্ক্র্যাপ করার পর সংশ্লিষ্ট মোটরযানের রেজিস্ট্রেশন নম্বরসংশ্লিষ্ট মোটরযান নিবন্ধন বা রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বাতিলপূর্বক কর্তৃপক্ষের ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করবে;

৫.১২ স্ক্র্যাপ ভেন্ডর সকল প্রক্রিয়া শেষে মোটরযান বিনষ্টকরণের পর সংশ্লিষ্ট মোটরযান রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ অন্যূন ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ভেবিক্যাল স্ক্র্যাপিং সার্টিফিকেট (certificate of vehicle scrapping) ইস্যু করবে;

৫.১৩ কর্তৃপক্ষ স্ক্র্যাপ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য স্ক্র্যাপযোগ্য মোটরযানের শ্রেণি অনুযায়ী অবচয়ন বা ক্ষয়মান প্রকৃতি হিসাব করে নিম্নবর্ণিত কমিটির মাধ্যমে নির্ধারিত পদ্ধতিতে স্ক্র্যাপ মূল্য নির্ধারণসহ মোটযানের কোন কোন অংশ রিসাইকেলযোগ্য হিসাবে বাজারজাত করা যাবে, তা নির্ধারণ করবে:

ক্রম	পদবি ও কর্মস্থল	কমিটিতে অবস্থান
১.	পরিচালক (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ সদর কার্যালয়	সভাপতি
২.	পরিবহণ কমিশনারের একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৩.	পরিবেশ অধিদপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৪.	সরকারি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের একজন যন্ত্র প্রকৌশলী	সদস্য
৫.	পরিবহণ মালিক সমিতির (গণপরিবহণ) একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৬.	পরিবহণ মালিক সমিতির (পণ্যপরিবহণ) একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৭.	অটোমোবাইল ব্যবসায়ী সমিতির একজন প্রতিনিধি	সদস্য
৮.	উপপরিচালক (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ সদর কার্যালয়	সদস্য-সচিব

তবে শর্ত থাকে যে, মূল্য নির্ধারণের জন্য স্ক্র্যাপ প্রক্রিয়া ব্যাহত হবে না এবং স্ক্র্যাপকারী কর্তৃপক্ষ Recyclable অংশ বিষয়ে Due Diligence অনুসরণ করবে।

৫.১৪ কর্তৃপক্ষ প্রয়োজনে জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রয়োজনীয়সংখ্যক সদস্য নিয়ে ৫.১৩ এর অনুসরণ করে কমিটি গঠন করতে পারবে;

৫.১৫ স্ক্র্যাপকৃত যানবাহনের যেসকল অংশ বা যন্ত্রাংশ পুনঃপ্রক্রিয়ার মাধ্যমে ব্যবহার করা যাবে সেগুলো বিক্রয়ের জন্য ভেন্ডর বাজারজাত করতে পারবে;

৫.১৬ ভেন্ডর স্ক্র্যাপযোগ্য মোটরযানের মূল্য মোটরযান মালিকের ব্যাংক হিসাবে জমা প্রদান করে কর্তৃপক্ষকে অবহিত করবে; এবং

৫.১৭ অনুমতি প্রাপ্তির পর ভেন্ডর কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যাদিবসের মধ্যে নিরাপদ ও পরিবেশবান্ধব উপায়ে স্ক্র্যাপ নিষ্পত্তি করতে হবে।

তৃতীয় অধ্যায় : স্ক্র্যাপ ভেন্ডর নির্বাচন

৬। স্ক্র্যাপ ভেন্ডর নির্বাচন ও যোগ্যতা

৬.১ কর্তৃপক্ষ উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে নির্ধারিত সময়ের জন্য এক বা একাধিক স্ক্র্যাপ ভেন্ডর নিয়োগ করবে;

৬.২ স্ক্র্যাপ ভেন্ডর ব্যক্তি বা প্রতিষ্ঠান বিআরটিএ-এর নিকট রেজিস্টার্ড হতে হবে;

৬.৩ স্ক্র্যাপ ভেন্ডরের প্রয়োজনীয়সংখ্যক আধুনিক উপকরণ থাকতে হবে। যেমন-গ্যাস কাটার, ক্রেন, শ্রেডার মেশিন, রেকার ও হাইড্রোলিক প্রেস মেশিনসহ অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রপাতি;

৬.৪ পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র;

৬.৫ প্রয়োজনীয় জনবল, আর্থিক সংগতি, ন্যূনতম ৫০(পঞ্চাশ) টি মোটরযান সংরক্ষণের উপযুক্ত জায়গা (space) থাকতে হবে;

৬.৬ অগ্নিনিরাপত্তায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স-এর ছাড়পত্র; এবং

৬.৭ এছাড়া, কর্তৃপক্ষ নির্দেশিত অন্যান্য যোগ্যতা ও উপকরণাদি।

৭। আপিল ও অভিযোগ নিষ্পত্তি

৭.১ নীতিমালার অধীন কোনো সিদ্ধান্তে সংক্ষুব্ধ যে কেউ আপিল করতে পারবে; এবং

৭.২ আপিল নিষ্পত্তির জন্য চেয়ারম্যান, বিআরটিএ-এর নেতৃত্বে ৩ (তিন) সদস্যবিশিষ্ট ১টি আপিল বোর্ড গঠন করা হবে।

চতুর্থ অধ্যায়; বিবিধ

৮। অন্যান্য বিষয়

৮.১ নতুন মোটরযান রেজিস্ট্রেশনের ক্ষেত্রে স্ক্র্যাপ সার্টিফিকেটের বিপরীতে মোটরযানের মালিক বা তার বৈধ উত্তরাধিকারীকে, সরকার, সময়ে সময়ে বিশেষ সুবিধা প্রযোজ্য ক্ষেত্রে আর্থিক প্রণোদনা প্রদান করতে পরবে;

৮.২ ইকোনমিক লাইফ অতিক্রান্ত মোটরযান স্ক্র্যাপ ব্যতীত একই ব্যক্তি নতুন বা পুরাতন কোনো মোটরযানের রেজিস্ট্রেশন গ্রহণ করতে পারবেন না। তবে স্ক্র্যাপযোগ্য মোটরযান মালিকের আবেদনটি কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হলে কর্তৃপক্ষ প্রয়োজনে নতুন বা পুরাতন মোটরযান রেজিস্ট্রেশন করতে পারবে;

৮.৩ কোনো মোটরযান মালিক যদি এই নীতিমালার ব্যত্যয় ঘটায়, তবে তা অপরাধ হিসাবে গণ্য হবে এবং তার বিরুদ্ধে সড়ক পরিবহণ আইন, ২০১৮-এর ধারা ১০৪ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে;

৮.৪ স্ক্র্যাপিং প্রক্রিয়া পরিচালনার জন্য কর্তৃপক্ষের একটি আলাদা শাখা থাকবে;

৮.৫ স্ক্র্যাপিং প্রক্রিয়া সম্পাদন করার লক্ষ্যে কর্তৃপক্ষ প্রয়োজন অনুযায়ী বিভিন্ন ধরনের গাইডলাইন এবং ফর্ম প্রস্তুত করতে পারবে; এবং

৮.৬ মোটরযান স্ক্র্যাপ সংক্রান্ত সকল কার্যক্রম বিআরটিএ সার্ভিস পোর্টাল (বিএসপি) এর মাধ্যমে পরিচালিত হবে।

৯। নীতিমালা সংশোধন বা সংযোজন বা পরিবর্তন

৯.১ এই নীতিমালা গেজেটে প্রজ্ঞাপন জারির তারিখ হতে কার্যকর হবে। সরকার প্রয়োজনে সংশোধন বা সংযোজন বা পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে।

১০। আইনের প্রাধান্য

১০.১ এই নীতিমালায় আইন ও বিধির সঙ্গে সাংঘর্ষিক কোনো কিছু থাকলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট আইন ও বিধিমালা প্রাধান্য পাবে।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

AD (ব্য. প্রশা./সা. প্রশা.)

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০০০.০৪৪.১৪.০২৪৯.২১.৮০

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: সরকারের নিজস্ব ভিডিও কনফারেন্সিং প্লাটফর্মের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর ভার্চুয়াল অনুষ্ঠানসমূহে সংযুক্তি/সরাসরি সম্প্রচার এর বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর স্মারক নং- ৫৬.০১.০০০০.০০০.০৪৭.১৮.০০০১.২২.১৮; তারিখ: ০২ সেপ্টেম্বর ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক বাস্তবায়নাধীন "সরকারের ভিডিও কনফারেন্সিং প্লাটফর্ম শক্তিশালীকরণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগসহ দেশের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে সিকিউরড নেটওয়ার্ক (ইন্ট্রানেট/ইন্টারনেট)-এর মাধ্যমে দেশীয় ও আন্তর্জাতিক ভিডিও কনফারেন্সিং সেবা প্রদান করা হচ্ছে।

০২। উক্ত ভিডিও কনফারেন্সিং প্লাটফর্মে WebRTC/Apps-এর সুবিধাসহ অনুষ্ঠানসমূহ সরাসরি Facebook ও YouTube-এ সম্প্রচারের (Live Streaming) ব্যবস্থা রয়েছে। এ প্লাটফর্মটি সরকারি ব্যবস্থাপনায় পরিচালিত হওয়ায় এটি সরকারের জন্য ব্যয় সাশ্রয়ী, নিরাপদ ও নির্ভরযোগ্য। ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর দেশব্যাপী ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড, নতুন কুঁড়ি স্পোর্টস, নজরুল বর্ষ বরণসহ বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের উদ্বোধন/বিতরণ এবং ডিজিটাল স্থাপনা সংক্রান্ত ভার্চুয়াল অনুষ্ঠানসমূহে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক বাস্তবায়নাধীন "সরকারের ভিডিও কনফারেন্সিং প্লাটফর্ম শক্তিশালীকরণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের মাধ্যমে ইনডোর ও আউটডোর পর্যায়ে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা হচ্ছে।

০৩। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর ভার্চুয়াল অনুষ্ঠানসমূহে সংযুক্তি এবং সরাসরি সম্প্রচারের ক্ষেত্রে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর নিজস্ব ভিডিও কনফারেন্সিং প্লাটফর্ম ব্যবহারে সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাঁর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরকে এ বিষয়ে উদ্বুদ্ধ ও অবহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৬-০৯-২০২৬
সাদিয়া আফরোজ
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ০২-৪১০২৪০৩৭
ইমেইল : plan2.sec@ictd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর: ৩৮.০০.০০০০.০০২.৯৯.০০৩.২০২০.১৯৬০

তারিখঃ ৩১ ভাদ্র ১৪৩৩ / ১৫ সেপ্টেম্বর ২০২৬

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

বিতরণ / অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৪. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৫. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৬. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
